রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ডিসেম্বর ১৮, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ/০৫ ডিসেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

নং ৪৬.০০.০০০০.০১৮.২২.০০১.১৭-৭৬০—জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৭-এর বিধি ২৩ এর উপ-বিধি (৭) এর ক্ষমতাবলে সরকার জন্ম ও মৃত্যু নিবন্ধন ফিস নিম্নোক্তভাবে পুনঃ নির্ধারণ করিল, যথা—

| (১) | (২) | (৩) দেশে | (৪) বিদেশে |
|---|---|---|---|
| ১। | জন্ম বা মৃত্যুর ৪৫ (পঁয়তাল্লিশ) দিন পর্যন্ত কোন ব্যক্তির জন্ম বা মৃত্যু নিবন্ধন | বিনা ফিসে | |
| ২। | জন্ম বা মৃত্যুর ৪৫ (পঁয়তাল্লিশ) দিন পর হইতে ৫(পাঁচ) বৎসর পর্যন্ত কোন ব্যক্তির জন্ম বা মৃত্যু নিবন্ধন (সাকুল্যে) | ২৫ টাকা | ১ মার্কিন ডলার |
| ৩। | জন্ম বা মৃত্যুর ৫(পাঁচ) বৎসর পর কোন ব্যক্তির জন্ম বা মৃত্যু নিবন্ধন (সাকুল্যে) | ৫০ টাকা | ১ মার্কিন ডলার |
| ৪। | জন্ম তারিখ সংশোধনের জন্য আবেদন ফি | ১০০ টাকা | ২ মার্কিন ডলার |
| ৫। | জন্ম তারিখ ব্যতীত নাম, পিতার নাম, মাতার নাম, ঠিকানা ইত্যাদি অন্যান্য তথ্য সংশোধনের জন্য আবেদন ফি | ৫০ টাকা | ১ মার্কিন ডলার |
| ৬। | বাংলা ও ইংরেজি উভয় ভাষায় মূল সনদ বা তথ্য সংশোধনের পর সনদের কপি সরবরাহ | বিনা ফিসে | বিনা ফিসে |
| ৭। | বাংলা ও ইংরেজি উভয় ভাষায় সনদের নকল সরবরাহ | ৫০ টাকা | ১ মার্কিন ডলার |

২। জনস্বার্থে এই আদেশ জারি করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবদুল মালেক**
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



মূল্য : টাকা ৪.০০